গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
(কর প্রশাসন-২ শাখা)
www.nbr.gov.bd

**প্রজ্ঞাপন**

নং ০৮.০১.০০০০.০২০.০২.০০৪.১৬/২৭২

তারিখঃ ৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।
২১ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ।

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর স্মারক নং-০৮.১০৪.০১১.০০.০০.০১০.২০১১/৩১০ তারিখ-২৭.১২.২০১৬ এ সুপারিশকৃত এ প্রজ্ঞাপনের ৩নং অনুচ্ছেদে বর্ণিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০(দশম) গ্রেড অনুসারে টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০/- বেতনক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন আয়কর বিভাগে "কর পরিদর্শক" পদে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলোঃ

(ক) তাঁকে বিসিএস (কর) একাডেমী, ঢাকা অথবা সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে/দপ্তরে অন্যূন ০১(এক) মাসের বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে, প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে বা কমাতে পারবে;

(খ) উক্ত প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকুরির সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) তাঁর শিক্ষানবিস মেয়াদ পূর্তির পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এ মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসকালে/মেয়াদে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল এবং তিনি উপানুচ্ছেদ(ক) এর অধীন নির্ধারিত পরিক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করেছেন এবং অন্যান্য শর্তাদি পূরণ করেছেন তা হলে এ পদে তাঁর নিয়োগ স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ-(ক) এ উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিসীকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকুরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট/প্রশিক্ষণের জন্য নির্ধারিত দপ্তরে তাঁকে বন্ড দাখিল করতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ Public Demand Recovery Act,1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servant (Conduct) Rules,1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঠ) রাজস্ব প্রশাসনে অধিকতর গতিশীলতা আনায়নের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের অনুসৃত সুশাসন ও আধুনিক ব্যবস্থাপনা নীতিমালা অনুসরণ করে করদাতা বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ ও জনকল্যাণে রাজস্ব আহরণের লক্ষ্যে আন্তরিকতার সাথে কাজ করতে হবে;

(ড) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

(ঢ) মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত ও মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক শর্ত সাপেক্ষে প্রত্যয়নকৃত ও সাময়িক প্রত্যয়নকৃত প্রার্থীদের ক্ষেত্রে এ মর্মে অঙ্গিকারনামা প্রদান করতে হবে যে, তিনি মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে মুক্তিযোদ্ধার পোষ্য কোটায় চাকুরী লাভ করেছেন এবং তাকে ৭ নং কলামে বর্ণিত শর্ত সমূহ পূরণ করতে হবে। যদি কখনো মুক্তিযোদ্ধা সনদপত্র ভুয়া বা মিথ্যা প্রমানিত হয় তাহলে তাঁকে চাকুরী হতে অব্যহতি দেয়া যাবে এবং রাষ্ট্রিয় কোষাগার হতে প্রাপ্ত আর্থিক সুবিধা ফেরত দিতে বাধ্য থাকবেন।

০২। অনুচ্ছেদ-১ এ উল্লেখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হলে আগামী ১৬/০৭/২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে জাতীয় রাজস্ব বোর্ডের কর প্রশাসন-২ শাখায় যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং অত্র নিয়োগপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

০৩। পদের নাম ঃ কর পরিদর্শক। নিয়োগপ্রাপ্ত ঃ ১৫(পনের) জন।

| ক্রঃ নং | মেধাক্রম | নাম | জন্ম তারিখ | নিজ জেলা | রেজিস্ট্রেশন নং | প্রযোজ্য শর্ত |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ২৭৫ | মোহাম্মদঃ ইমরান হাবীব | ০৩/০৩/১৯৮৯ | কক্সবাজার | ০৩১৬৯৩ | গেজেটে মুক্তিযোদ্ধার পিতার নামের পার্থক্য সংশোধন |
| ০২ | ২৭৮ | মোঃ নাসির উদ্দীন | ০১/০৬/১৯৯০ | টাংগাইল | ০৭০০৪৪ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে পূর্ণাঙ্গ প্রত্যয়ন গ্রহণ |
| ০৩ | ২৮৭ | মোহম্মদ নাজমুল হুসাইন | ১৬/০৯/১৯৮৩ | নড়াইল | ০৮০৬২৩ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে পূর্ণাঙ্গ প্রত্যয়ন গ্রহণ |
| ০৪ | ২৮৯ | মোঃ মমিনুল ইসলাম ভূইয়া | ২৬/১০/১৯৮৯ | বি-বাড়িয়া | ১৩৫১৪৬ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে পূর্ণাঙ্গ প্রত্যয়ন গ্রহণ |
| ০৫ | ২৯০ | শামছুন নাহার চুমকী | ২৫/০৮/১৯৮৮ | নড়াইল | ০৮০৫৩৩ | গেজেটে মুক্তিযোদ্ধার নিজ নামের পার্থক্য সংশোধন |
| ০৬ | ২৯১ | মোঃ মিরাজ মাহমুদ | ১৮/১১/১৯৮৩ | ঝালকাঠী | ০১১২২৯ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে পূর্ণাঙ্গ প্রত্যয়ন গ্রহণ |
| ০৭ | ২৯৪ | মেহেদী হোসেন | ০৫/১১/১৯৮৩ | বরিশাল | ১০৪৭২৬ | গেজেটে মুক্তিযোদ্ধার শুদ্ধ নাম ও ঠিকানা সংশোধন |
| ০৮ | ২৯৬ | ফয়সাল পারভেজ সোহেল | ০১/১০/১৯৮৯ | গোপালগঞ্জ | ১১০৮৬৯ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে পূর্ণাঙ্গ প্রত্যয়ন গ্রহণ |
| ০৯ | ২৯৯ | মোঃ রাশিদুল হক খান | ০২/১২/১৯৮৪ | সিরাজগঞ্জ | ০৩০৪১২ | গেজেটে মুক্তিযোদ্ধার নিজ ও পিতার নামের পার্থক্য সংশোধন |
| ১০ | ৩০৭ | মোঃ আব্দুল্লাহ আল-মামুন | ২৫/০৮/১৯৮৫ | নরসিংদী | ১১৯৪২৩ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে পূর্ণাঙ্গ প্রত্যয়ন গ্রহণ |
| ১১ | ৩০৮ | হুমায়ন শেখ | ০৫/০৫/১৯৮১ | গোপালগঞ্জ | ০৯৬৬৯৩ | গেজেটে মুক্তিযোদ্ধার পিতার নামের পার্থক্য সংশোধন |
| ১২ | ৩০৯ | নাজমুল হাসান | ২৫/০৭/১৯৮৬ | মুন্সিগঞ্জ | ০৭৪০৯১ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে পূর্ণাঙ্গ প্রত্যয়ন গ্রহণ |
| ১৩ | ৩১১ | তাসনিয়া বিনতে আলম সন্ধি | ১০/০৯/১৯৮৮ | কিশোরগঞ্জ | ০১১১১০ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে পূর্ণাঙ্গ প্রত্যয়ন গ্রহণ |
| ১৪ | ৩১৪ | মোহাম্মাদ বিল্লাল হোসেন | ০৩/০১/১৯৮৭ | কুমিল্লা | ০৯৯২৩৯ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে পূর্ণাঙ্গ প্রত্যয়ন গ্রহণ |
| ১৫ | ৩১৫ | মোঃ জাহাঙ্গীর আলম | ১৫/০৬/১৯৮৬ | টাংগাইল | ০২৯৮৬৯ | গেজেটে মুক্তিযোদ্ধার পিতার নামের পার্থক্য সংশোধন |

০৪। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

(মোঃ আব্দুর রাজ্জাক)
সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

উপ পরিচালক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।

নং ০৮.০১.০০০০.০২০.০২.০০৪.১৬/১৭২

তারিখঃ ৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।
২১ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, ঢাকা।
৩। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৫। জনাব ..........................................................................................................
৬। ব্যক্তিগত নথি।

(আজম উদ্দীন তালুকদার)
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)
জাতীয় রাজস্ব বোর্ড
ফোন-৮৩১৮১২০-৮ এক্স-২২৩